

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
মওলানা ভাসানি স্টেডিয়াম, ঢাকা।
<http://www.ds.gov.bd>



ক্রীড়া পরিদপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের “নৈতিকতা কমিটি” এর শুদ্ধাচার পুরস্কার ও বিবিধ বিষয়ে মার্চ/২০২১ সালে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	জনাব এ, কে, এম, মাসুদুর রহমান, পরিচালক(যুগ্মসচিব), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
সভার তারিখ ও সময়	:	২৮-০৩-২০২১ খ্রিঃ, রবিবার, সকাল ১০:০০ ঘটিকা।
সভার স্থান	:	ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ-

- (১) জনাব মোঃ নুরুল ইসলাম - সদস্য
উপপরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
- (২) জনাব মোঃ তারিকউজ্জামান - সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট।
সহকারি পরিচালক(প্রশাসন) ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।

আলোচ্য বিষয়ঃ (১) ২০২০-২১ অর্থবছরে ক্রীড়া পরিদপ্তর ও এর আওতাধীন দপ্তর সমূহের কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার বিষয়ে পুরস্কার প্রদান।
(২) বিবিধ।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ক্রীড়া পরিদপ্তরের শুদ্ধাচার বিষয়ে ফোকাল পয়েন্ট ও সভার সদস্য সচিব সহকারী পরিচালক(প্রশাসন) জনাব মোঃ তারিকউজ্জামানকে আলোচ্য বিষয়ে আলোকপাত করার জন্য অনুরোধ করলে তিনি জানান যে, ক্রীড়া পরিদপ্তরের চলমান কর্মকান্ডে উদ্ভাবনী কৌশল প্রয়োগের মাধ্যমে কর্মক্ষেত্রে বেশ কিছু সাফল্য অর্জিত হয়েছে। তিনি ক্রীড়া পরিদপ্তরের সাফল্যসমূহ সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং ক্রীড়া পরিদপ্তরের অর্জিত সাফল্যসমূহ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে অবহিত করার ক্ষেত্রে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন।

২। তিনি সভায় আরো জানান যে, মার্চ/২০২১ মাসে শুদ্ধাচার বিষয়ে অবদান রাখার জন্য ক্রীড়া পরিদপ্তর ও এর আওতাধীন জেলা ক্রীড়া অফিস হতে নিম্নবর্ণিত ০২(দুই) জন কর্মকর্তা/কর্মচারীকে পুরস্কার প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। পুরস্কার হিসেবে তাঁদের এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করার বিষয়ে একমত পোষণ করেন।

ক্রমিক	কর্মকর্তা/কর্মচারীর নাম, পদবী ও কর্মস্থল
১.	জনাব মোঃ আখতারুজ্জামান রেজা তালুকদার, জেলা ক্রীড়া কর্মকর্তা, মানিকগঞ্জ।
২.	জনাব বিধান পাল, অফিস সহায়ক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।

৩। ক্রীড়া পরিদপ্তরের সাফল্যের অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা প্রণয়ন করার বিষয়ে সভায় আলোচনা হয় এবং ক্রীড়া পরিদপ্তরের কার্যপরিধি ব্যাপ্ত করার ক্ষেত্রে সাফল্য লাভে অন্তরায়সমূহ চিহ্নিত করে পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ক্রীড়া পরিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে আলোচনা সভা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয় এবং মাসে একবার পরিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে কিভাবে সরকারি কাজে উদ্ভাবনী ধারণা প্রয়োগ করা যায় সে সম্পর্কে সচেতনতামূলক সভার আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

- ৫। কোভিড-১৯ সময়কালীন মাঠ পর্যায়ের জেলা ক্রীড়া কর্মকর্তাদের সঙ্গে বিভাগওয়ারী জুমে ভার্চুয়াল মিটিং করা হয়। এক্ষেত্রে ক্রীড়া পরিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য সভায় আলোচনা হয় এবং প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-


এ, কে, এম, মাসুদুর রহমান
পরিচালক(যুগ্মসচিব)
ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
ফোনঃ ৯৫৭৫৭৯৭

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.০৮.০০২.২১-৩১৮

তারিখ: ২৮ মার্চ, ২০২১ খ্রি.

বিতরণ ও কার্যার্থেঃ

- ১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, হিসাব ভবন(৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
২। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা(সংশ্লিষ্ট)-----।
৩। জনাব -----
পদবি-----কর্মস্থল-----।
৪। হিসাব শাখা, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।


(মো: তারিকউজ্জামান)

সহকারী পরিচালক(প্রশাসন)

ফোন: ৯৫৬০৫৩২